দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 04 DEC 1986
পৃষ্ঠা 1 কলাম 8

08

# সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের স্থানে রাজনৈতিক সভা হতে পারবে না

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের স্থান কোন সময়েই যাতে রাজনৈতিক সভা অনুষ্ঠানের কাজে ব্যবহৃত না হয় সে ব্যাপারে ব্যবস্থা নেয়ার জন্য দেশের সকল সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের প্রতি অনুরোধ জানানো হয়েছে।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা পরিদপ্তরের মহাপরিচালক গত ১লা ডিসেম্বর এক সার্কুলারের মাধ্যমে সকল সরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের প্রতি এ অনুরোধ জানান।

## ছাত্রদের নিন্দা জ্ঞাপন

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের উভয় অংশ গতকাল বুধবার পৃথক পৃথক বিবৃতিতে সার্কুলারটি অবিলম্বে প্রত্যাহারের দাবী জানিয়ে বলেছে, সার্কুলারে বর্ণিত নির্দেশ সুস্পষ্টভাবে ছাত্রদের রাজনৈতিক

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## সরকারী শিক্ষা প্রতিষ্ঠান

(১ম পাতার পর)

অধিকারের ওপর সরাসরি হস্তক্ষেপের শামিল এবং এটা ছাত্র রাজনীতি নিষিদ্ধকরণের প্রাথমিক পদক্ষেপ হিসেবেও বিবেচিত হতে পারে।

ছাত্রলীগ (সু-র) এবং সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট পৃথকভাবে অনুরূপ বিবৃতি দিয়েছে।